গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

আইসিটি সেল

...

সভাপতি	মোহাম্মদ আবুল কালাম অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার তারিখ	০৩-১২-২০২০ খ্রিঃ
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা।
স্থান	বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৭০৮)।
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট-ক)

সভাপতি ইনোভেশন বিষয়ক সভায় সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি স্বাগত বক্তব্যে, মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা-এর বাস্তবায়ন অগ্রগতি নিয়ে উপস্থিত কর্মকর্তাদের সাথে পর্যালোচনা করেন। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০২০-২০২১-এর ১১.১ নং সূচকে বর্ণিত “ন্যূনতম একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করা”, ৬.১ ও ৬.২ নং সূচকে বর্ণিত “উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন” এবং ৪.৩ নং সূচকে বর্ণিত “সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজনের” লক্ষ্যে বিশদ আলোচনা করেন।

২। অতঃপর ন্যূনতম একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করা, উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন এবং সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
ক)	ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন।	বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা-এর উদ্ভাবণী উদ্যোগ/ধারণাসমূহ বিশদ আলোচনা করা হয়। **১। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ঃ অনলাইনে বাসা বরাদ্দের আবেদনঃ** বাংলাদেশ বরাদ্দ বিধিমালা অনুসারে সরকারি আবাসন বরাদ্দ প্রদান করা হয়। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মচারিগণ উক্ত বাসা বরাদ্দের জন্য বর্তমানে নির্দিষ্ট আবেদন ফরমে হার্ড কপিতে আবেদন করে থাকেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে মন্ত্রণালয়ের প্রশাসন শাখা হতে আবেদনসমূহ গ্রহণ করা হয়। পরবর্তীতে আবেদনসমূহ যাচাই বাছাই সম্পন্ন করা হয় এবং তা সুপারিশসহ সরকারি আবাসন পরিদপ্তরে প্রেরণ করা হয়। এই প্রক্রিয়াকে সহজিকরণের লক্ষ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে অনলাইনে বাসা বরাদ্দের আবেদন বিষয়ক ডিজিটাল সেবা তৈরি করা হয়েছে। উক্ত ডিজিটাল সেবাটি ব্যবহার করে কর্মচারিগণ খুব সহজেই বাসা বরাদ্দের আবেদন অনলাইনেই সম্পন্ন করতে পারছেন। এতে সময় এবং খরচের সাশ্রয় হচ্ছে। ফলে ডিজিটাল সার্ভিসটি ব্যবহার করে সেবাগ্রহীতাগণ বিশেষভাবে উপকৃত হচ্ছেন।	বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা-এর উদ্ভাবনী উদ্যোগ/ ধারণাসমূহ যাচাই-বাছাই করে ২০২০-২০২১ অর্থবছরের জন্য নিম্নোক্ত সেবাসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। ১। বস্ত্র ও পাট মন্ত্রণালয় অনলাইনে বাসা বরাদ্দের আবেদন প্রক্রিয়া ডিজিটাইলেশন করবে।	মন্ত্রণালয়ের ইনোভেশন টিম/ প্রশাসন-২ শাখা
		২। **পাট অধিদপ্তরঃ** **(ক)** পাটচাষীদের ডাটাবেজ ও পরিচয় পত্র তৈরি ও বাস্তবায়ন। পাট অধিদপ্তর কর্তৃক পাটচাষীদের সহায়তা ও গুণগত মানসম্পন্ন উচ্চ ফলনশীল পাট উৎপাদনের লক্ষ্যে “উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের মাধ্যমে নির্বাচিত পাটচাষীদের বিনামূল্যে রাসায়নিক সার, কীটনাশকসহ বিভিন্ন কৃষি উপকরণ ও প্রশিক্ষণ প্রদান করা হয়। পাটচাষীদের সহায়তার ক্ষেত্রে দুর্নীতি রোধ ও চাষীদের যাবতীয় তথ্যাদি সংরক্ষণের লক্ষ্যে “পাটচাষীদের ডাটাবেজ ও পরিচয় পত্র তৈরি (প্রকল্প কর্তৃক বাস্তবায়ন)” সংক্রান্ত উদ্ভাবনী কার্যক্রম গ্রহণ করা হয়েছে। **(খ)** সারাদেশে পাটের মোড়ক/ব্যাগের চাহিদা সংক্রান্ত জরিপ পরিচালনা ও তালিকা/ডাটাবেজ তৈরি। পাট ব্যবসায়ে পাটের ব্যাগের চাহিদা অনুযায়ী লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক উৎপাদন কার্যক্রম গ্রহণ করার লক্ষ্যে ‘সারাদেশে পাটের ব্যাগের চাহিদা সংক্রান্ত ডাটাবেজ তৈরী’ সংক্রান্ত উদ্ভাবনী কার্যক্রম গ্রহণ করা হয়েছে।	পাট অধিদপ্তরকে দেশের অভ্যন্তরে পাট ও পাটজাত পণ্যের ব্যবহার বৃদ্ধিতে সচেতনতা বাড়াতে এবং জনগনকে উদ্বুদ্ধ করতে স্থানীয় কেবল নেটওয়ার্ক ও বিভিন্ন টিভি চ্যানেলে প্রচারের জন্য টিভিসি বিজ্ঞাপন তেরি ও প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, পাট অধিদপ্তর

		৩। **বিজেএমসিঃ** **(ক) ভেহিক্যাল ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমঃ** বিজেএমসি’র প্রধান কার্যালয়ের অধীন ৩৪টি ছোট গাড়ী রয়েছে। প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাদের গাড়ীসহ সকল গাড়ীর মেরামত, টায়ার, ব্যাটারি পরিবর্তন করা হয়ে থাকে। এ সকল তথ্য জরুরি ভিত্তিতে গাড়ী মেরামতের সময় প্রয়োজন হয়। এছাড়া কর্মকর্তা-কর্মচারিদের বন্ধের দিনসহ অন্যান্য সময়ে অফিসিয়াল/ব্যক্তিগত কাজে গাড়ী রিকুইজিশন করতে হয়। রিকুইজিশনটি অনুমোদন সাপেক্ষে রিকুইজিশনকারীর অনুকূলে পরিবহন শাখা হতে ব্যবহারের জন্য গাড়ী বরাদ্দ দেয়া হয়। উল্লিখিত বিষয়ে অনলাইন এ্যাপ্লিকেশন সফটওয়ার তৈরি করা হলে কর্তৃপক্ষ একদিকে যেমন গাড়ীর তথ্য দ্রুত জানতে পারবে অন্যদিকে গাড়ী রিকুইজিশনকারীর অনুমোদনের প্রক্রিয়ায় সময় ব্যয় হবে না। সফটওয়ারটির মাধ্যমে যার গাড়ী প্রয়োজন হবে সে রিকুইজিশন ফরমটি পূরণ করে সাবমিট করবে এবং অনুমোদনকারী অনুমোদন করলে ফরমটি পরিবহন শাখায় আসবে। পরিবহন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গাড়ী থাকা সাপেক্ষে গাড়ী বরাদ্দ দিবে। গাড়ী বরাদ্দ হওয়ার সাথে সাথে ড্রাইভার ও রিকুইজিশনকারীর নিকট এসএমএস যাবে। **(খ) ই-একাউন্টিং সিস্টেমঃ** বিজেএমসি’র নিয়ন্ত্রিত ২৫টি মিলের চলতি হিসাব ও প্রধান কার্যালয়ের হিসাব সংক্রান্ত কাজ বিশাল আকারের। উল্লিখিত কাজগুলো বর্তমানে পুরাতন মডিফাইড সফটওয়্যারে এন্ট্রি করা হয়ে থাকে এবং একই সংগে ই-মেইলেও চিঠি আদান-প্রদানের মাধ্যমে করা হয়ে থাকে। এতে তথ্য সংক্রান্ত কার্যক্রমে যেমন ভুল হওয়ার সম্ভাবনা থাকে এবং সময়ও বেশি লাগে। পুরাতন সফটওয়্যারে নতুন করে কোন মডিফিকেশন করা না যাওয়ায় কর্মকর্তা-কর্মচারিদের বেতন ভাতা, জেনারেল লেজার, ভবিষ্যৎ তহবিল ইত্যাদি সংক্রান্ত কাজের জন্য অতিরিক্ত সময় ব্যয় করতে হয়। ভবিষ্যৎ তহবিলের তথ্যের হিসাব এবং এর লভ্যাংশ বন্টনেও সমস্যা পরিদৃষ্ট হয়। বিল ভাউচার সংক্রান্ত তথ্য এন্ট্রির জন্য ১টি মাত্র ডেস্কের কাজের উপর নির্ভরশীল থাকতে হয়, গতিশীলতা আসে না। এমতাবস্থায়, একাউন্টিং সফটওয়ার ব্যবহার করা হলে উল্লিখিত সমস্যাগুলো থেকে উত্তরণ সম্ভব হবে। ফলে কম সময়ে তথ্য নির্ভুলভাবে এন্ট্রি দেয়া এবং প্রতিবেদন প্রস্তুত করা সম্ভবপর হবে।	বিজেএমসিকে ভেহিক্যাল ডাটা ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার তৈরি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	চেয়ারম্যান, বিজেএমসি
		৪। **বিটিএমসিঃ** **Digital Store Management**: বিটিএমসি প্রধানকার্যালয়ের সাধারন কর্মশাখায় ভান্ডার ব্যবস্থাপনায় যাবতীয় মালামাল গ্রহন, ইস্যু, মালামালের দিনভিত্তিক, মাসভিত্তিক ও বাৎসরিক প্রতিবেদন সংক্রান্ত সকল কার্যক্রম Digital Store Management এর মাধ্যমে সম্পন্ন করা।	বিটিএমসিকে Digital Store Management System সফটওয়্যার তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	চেয়ারম্যান, বিটিএমসি
		৫। **জেডিপিসিঃ** জেডিপিসির ওয়েবসাইটে বিভিন্ন পাটজাত পণ্যের 3D বা ৩৬০ ডিগ্রী ভিউয়ের মাধ্যমে প্রদর্শন।	জেডিপিসির ওয়েবসাইটে বিভিন্ন পাটজাত পণ্য 3D বা ৩৬০ ডিগ্রী ভিউয়ের মাধ্যমে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নির্বাহী পরিচালক, জেডিপিসি
		৬। **বাংলাদেশ তাঁত বোর্ডঃ** (ক) **e-Loan Management System for the Weavers**: বাংলাদেশ তাঁত বোর্ডের চলমান ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সহজীকরণ ও ই-সার্ভিসের আওতায় নিয়ে আসার লক্ষ্যে a2i এর সহযোগিতায় “e-Loan Management System for the Weavers” শীর্ষক ই-সার্ভিসটি বাস্তবায়ন করা হচ্ছে। **(খ)** বিদ্যমান ই-কমার্স প্ল্যাটফর্মকে কাজে লাগিয়ে তাঁতজাত পণ্যের বাজারজাতকরণের সুযোগ সৃষ্টি। বিদ্যমান ই-কমার্স প্ল্যাটফর্মকে কাজে লাগিয়ে বাংলাদেশ তাঁত বোর্ড এর ব্র্যান্ডিং এ প্রকৃত তাঁতিদের দ্বারা উৎপাদিত তাঁতজাত পণ্যের বাজারজাতকরণের সুযোগ সৃষ্টি।	তাঁত বোর্ডকে তাঁতিদের সেবা প্রাপ্তি সহজীকরণের নিমিত্ত **‘তাঁতি কার্ড’** চালুকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	চেয়ারম্যান, বাংলাদেশ তাঁতবোর্ড
		৭। **বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডঃ** রাজশাহী রেশম কারখানার পণ্য ম্যানেজমেন্ট সেবা সহজিকরণঃ রাজশাহী রেশম কারখানা চালু হওয়ায় কারখানায় উৎপাদিত পণ্য মজুদ, বিক্রয়, বিক্রয়কৃত অর্থের হিসাব সংক্রান্ত “রাজশাহী রেশম কারখানার পণ্য ম্যানেজমেন্ট সেবা সহজিকরণ” শীর্ষক উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত ধারণা বাস্তবায়ন করা হলে কারখানার হিসাবের স্বচ্ছতা থাকবে।	বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডকে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীগণের ১৮ মাসের অর্জিত ছুটি নগদায়ন (লামগ্র্যান্ট) এবং গ্র্যাচ্যুইটির অর্থ পরিশোধের সেবা সহজিকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

		৮। বস্ত্র অধিদপ্তরঃ **(ক)** বস্ত্র অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের ইলেকট্রনিক ডাটাবেজ/ তথ্যভান্ডারঃ বস্ত্র অধিদপ্তরের ৪টি বিভাগীয় কার্যালয়, ৫টি জেলা কার্যালয়, ৭টি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, ৭টি ডিপ্লোমা ইনস্টিটিউট ও ৪১টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের জনবলের তথ্যভান্ডার। সকল কর্মকর্তা-কর্মচারীর তথ্য নিদিষ্ট জায়গায় থাকবে যা চাহিদা মাফিক ব্যবহার করা যাবে। **(খ)** ল্যাবের প্রত্যেকটি মেশিনের কাঁচামাল থেকে চূড়ান্ত পণ্য উৎপাদন প্রক্রিয়া প্রদর্শন করণঃ ছাত্র-ছাত্রীসহ মেশিন সংশ্লিষ্ট সকলকে চালনা ও পণ্য উৎপাদন প্রক্রিয়া সম্পর্কে কর্মমূখী, কারিগরি ও বাস্তব ভিত্তিক জ্ঞান প্রদান করণ যাতে ছাত্র-ছাত্রীদের ঐ বিষয় সম্পর্কে স্বচ্ছ এবং পরিপূর্ণ ধারণা থাকে যা তাদের কর্মজীবনের সহায়ক ভূমিকা রাখবে।	বস্ত্র অধিদপ্তরকে বস্ত্র অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের ইলেকট্রনিক ডাটাবেজ/ তথ্যভান্ডার তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর
খ)	উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন।	ডিজিটাল সেবা তৈরিপূর্বক পাইলটিং (Trial and Error Basis) বাস্তবায়ন করে সেবাটির কার্যকারিতা, Cost Effectiveness যাচাই করা যেতে পারে।	ডিজিটাল সেবা তৈরিপূর্বক পাইলটিং বাস্তবায়ন করতে হবে।	সকল দপ্তর/সংস্থা
গ)	সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন।	(১) সেবা সহজিকরণে/ উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সকল প্রশিক্ষণ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক যথাসময়ে আয়োজন করা যেতে পারে।	সেবা সহজিকরণে/ উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সকল প্রশিক্ষণ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক যথাসময়ে আয়োজন করতে হবে।	সকল দপ্তর/সংস্থা
		(২) ডিসেম্বর/২০২০ মাসের মধ্যে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রাম আয়োজন করা যেতে পারে।	পরিস্থিতি অনুকূলে থাকা সাপেক্ষে ডিসেম্বর/২০২০ মাসের মধ্যে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রাম আয়োজন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রশাসন-১ শাখা
ঘ)	বিবিধ	মন্ত্রিপরিষদ বিভাগের দিক নির্দেশনা অনুযায়ী সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট নিয়ে বিশদ আলোচনা করা হয়।	সকল দপ্তর/সংস্থাকে স্ব স্ব ওয়েবসাইট মন্ত্রিপরিষদ বিভাগের ফরম্যাট অনুযায়ী নিয়মিত হালনাগাদ করতে হবে।	সকল দপ্তর/সংস্থা প্রধান

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

মোহাম্মদ আবুল কালাম
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ২৪.০০.০০০০.১২৩.৯৯.০১১.১৯-১৩৫

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৭
১০ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মহাপরিচালক, পাট অধিদপ্তর, ঢাকা।
২) মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৩) চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড, ঢাকা।
৪) নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি), ঢাকা।
৫) চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন, ঢাকা।
৬) চেয়ারম্যান, বাংলাদেশ জুট মিলস্ করপোরেশন, ঢাকা।
৭) অতিরিক্ত সচিব (বেওবি), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
৯) পরিচালক, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
১০) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়। (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১) উপসচিব (পরিকল্পনা-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২) উপসচিব, বস্ত্র-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩) উপসচিব (অডিট), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪) সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫) সিনিয়র সহকারী সচিব, পাট-১, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৬) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৮) সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

মোঃ আমিনুল ইসলাম
প্রোগ্রামার